দর্শনায় মাদকসহ গ্রেফতার-১

দর্শনায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেছে দর্শনা থানা পুলিশ। এ অভিযানে ফেনসিডিল সহ মাদক ব্যবসায়ী নাস্তিপুরের আমান (৩২) কে গ্রেফতার করেছে পুলিশ।

গত বৃহস্পতিবার দিবাগত রাতে মাদকসহ তাকে তার বাড়ি থেকে গ্রেফতার করা হয়। আমানত বিশ্বাস ওরফে আমান পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের পশ্চিমপাড়ার আনছার আলী বিশ্বাসের ছেলে।

পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নির্দেশে থানার এসআই সুমন্ত কুমার বিশ্বাস, এএসআই আবু বক্কর সিদ্দিক ও সঙ্গীয় ফোর্সসহ বৃহস্পতিবার দিবাগত রাত দেড় টার দিকে মাদক বিরোধী অভিযান চালায় দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের পশ্চিমপাড়ার আমানের বসত বাড়ীতে অভিযান পরিচালনা করা হয়।

এসময় বসতবাড়ির গোয়ালঘরের সামনে মাটির নীচে পাইপের মধ্যে লুকানো অবস্থায় ২২ বোতল ফেন্সিডিল উদ্ধার সহ মাদক ব্যবসায়ী আমানত বিশ্বাস ওরফে আমানকে গ্রেফতার করা হয়। এঘটনায় গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় মাদকের মামলা রুজু করা হয়েছে।

চুয়াডাঙ্গায় বিসিক উদ্যোক্তা মেলার উদ্বোধন

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে ২০ মে থেকে ২০ জুন পর্যন্ত ৩০ (ত্রিশ) দিন ব্যাপী জেলা প্রশাসন, চুয়াডাঙ্গা এর সহযোগিতায় বিসিক জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা’র আয়োজনে চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়াম মাঠ প্রাঙ্গনে “বিসিক উদ্যোক্তা মেলা ২০২২” আয়োজন করা হয়েছে।

চুয়াডাঙ্গা পুরাতন স্টেডিয়াম মাঠ প্রাঙ্গনে শুক্রবার বিকাল পাঁচ টার সময় উক্ত বিসিক উদ্যোক্তা মেলার শুভ উদ্বোধনী অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এসময় তিনি বলেন, এই মেলা দেশি-বিদেশি উদ্যোক্তাকে তাদের পণ্যের প্রতিযোগিতামূলক সুবিধাদি এবং নতুন উদ্ভাবন সম্পর্কে ক্রেতাদের অবহিত করার সুযোগ সৃষ্টি করবে। ক্রেতারাও এ বৃহৎ আয়োজন থেকে প্রতিযোগিতামূলক মূল্যে পণ্য ক্রয়ের সুবিধা পাবেন। এ মেলার সার্বিক সাফল্য কামনা করেন জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম, বিপিএম-সেবা। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি সর্দার আলামিন, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা শিল্প ও বনিক সমিতির সভাপতি ইয়াকুব হোসেন মালিক, চুয়াডাঙ্গা জেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক নঈম হাসান জোয়ার্দার সহ চুয়াডাঙ্গা জেলার সম্মানিত ব্যাক্তিবর্গ।

অনুষ্ঠানটির সভাপতিত্ব করেন মোঃ সামসুজ্জামান, উপ-ব্যবস্থাপক বিসিক জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা।

মেহেরপুরে রাতের আধারে তিন বিঘা জমির ধান পুড়িয়ে দিয়েছে দুর্বৃত্তরা

মেহেরপুর সদর উপজেলা কুতুবপুর গ্রামের বেঙ্গগাড়ির মাঠে দুই কৃষকের তিন বিঘা জমির ধান ও বিছালি রাতে আধারে পুড়িয়ে দিয়েছে দুর্বৃত্তরা। গত বৃহস্পতিবার দিবাগত রাতের কোন এক সময় এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্থ কৃষক আনিসুর রহমান বলেন, আমি দিন আনি দিন খাই, দিনমুজর করে ২৫ কাঠা জমিতে ধান রোপন করেছিলাম। আল্লাহ রহমতে ফলনও ভালো হয়েছিলো। দুই দিন আগে ২৫ কাঠা জমির ধান কেটে পরের দিন মাড়াই করার জন্য গুছিয়ে রেখে দিয়েছিলাম।

বৃহস্পতিবার রাত আনমানিক ১২ টার পর আমাকে গ্রামের কিছু মানুষ ডেকে বলে জমিতে কেটে গুছিয়ে রাখা ধানে কে বা কারা আগুন ধরিয়ে দিয়েছে । আমি ঘটনাস্থলে গিয়ে দেখতে পাই ২৫ কাঠা জমির ধান পুড়ে ছায় হয়ে গিয়েছে।

তিনি বলেন, এই ২৫ কাঠা জমির ধান দিয়ে আমার সারা বছর চলে যেতো এখন আমি কি খাবো। আমি যে নিঃশ্ব হয়ে গেলাম।
তিনি আরো বলেন, কিছু দিন আগে তিনি একটি বসত বাড়ি কিনেছিলেন ঈদের কিছু দিন পর সেই বাড়িতেও দূর্বত্তরা আগুন ধরিয়ে দিয়েছে ছিলো।

এ ব্যাপারে মেহেরপুর সদর থানায় মামলার প্রস্তুতি চলছে বলে জানান তিনি

মেহেরপুরে গাঁজা গাছসহ আটক -১: ভ্রাম্যমান আদালতে জেল জরিমানা

মেহেরপুরে সদর উপজেলার শিশিরপাড়ার (ঈদগাহ পাড়া) অভিযান চালিয়ে গাঁজা গাছসহ মোঃ মজিদুল ইসলাম (৩২) নামের এক ব্যক্তিকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশ।

শুক্রবার বিকেলে শিশিরপাড়ার (ঈদগাহ পাড়া) মজিদুলের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করা হয়। আটক মজিদুল একই এলাকার মোঃ জোয়াদ আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের ওসি সাইফুল আলমের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই হেলাল উদ্দিন সহ সঙ্গীয় ফোর্স নিয়ে শিশিরপাড়ার (ঈদগাহ পাড়া) মজিদুলের বাড়িতে অভিযান পরিচালনা করে। এসময় তার বসত বাড়ির নির্মাণাধীন

বাথরুমের লাগানো একটি গাঁজা গাছ উদ্ধার করে।

পরে সেখানে ভ্রাম্যমান আদালত বসিয়ে মজিদুলকে ৩ মাসের বিনাশ্রম কারাদন্ড এবং নগদ ১শত টাকা জরিমানা করা হয়। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন, এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রট মোঃ আবু সাঈদ। মজিদুলকে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় বঙ্গবন্ধু জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট বালক ‘অনুর্ধ্ব-১৭’ উদ্বোধন

দামুড়হুদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) ২০২২ উদ্বোধনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল সাড়ে ৪ টার সময় শেখ রাসেল মিনি স্টেডিয়াম মাঠ প্রঙ্গনে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান জাতীয় গোল্ডকাপ টুর্নামেন্ট বালক (অনুর্ধ্ব-১৭) এর পতাকা উত্তোলনের মধ্য দিয়ে শুভ উদ্বোধন করা হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসন আয়োজিত টুর্নামেন্টের উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম এর সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, দামুডহুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি সাবেক জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, আব্দুল ওদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভুমি) সুদীপ্ত কুমার সিংহ,এ সময় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হয়রত আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, কুড়ালগাছি ইউপি

চেয়ারম্যান কামাল উদ্দিন, নাটুদহ ইউপি চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, হাউলি ইউপি ভারপ্রাপ্ত চেয়ারম্যান নিজাম উদ্দিন, জুড়ানপুর ইউপি চেয়ারম্যান সোহরাব হোসেন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সফিউল কবির ইউছুফ, জনপ্রতিনিধিসহ অন্যান্য কর্মকর্তা রাজনৈতিক নেতৃবৃন্দ প্রমুখ।

উদ্বোধনী টুর্নামেন্ট প্রথম দিনের ম্যাচে ৪ নং কুড়ুলগাছি ইউনিয়ন পরিষদ এবং নং নাটুদহ ইউনিয়ন পরিষদের বালক টিম অংশ নেয়। ১-১ গোলে ম্যাচটি ড্র হয় । ০৪ নং কুড়ুলগাছি ইউনিয়ন ট্রাইবেকারে নাটুদহ ইউনিয়ন ০১ গোল এবং কুড়ুলগাছি ইউনিয়ন টিম ৩-০ গোল কুড়ুলগাছি ইউনিয়ন ২, ০গোলে জয়ী হয়।

এ টুর্নামেন্টে দামুড়হুদা উপজেলার ৮ টি ইউনিয়ন পরিষদ এবং ১টি পৌরসভার বালক টিম অংশগ্রহণ করছে। নক আইট পদ্ধতি টুর্ণামেন্টটি পরিচালিত হবে ।

মেহেরপুরে হেরোইনসহ আটক-১

মেহেরপুরে অভিযান চালিয়ে হেরোইনসহ আইনদ্দিন (৩৫) নামের একজনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

শুক্রবার দুপুরে সদর উপজেলার শ্যামপুর গ্রামস্থ কলমিজল মাধ্যমিক বিদ্যালয়ের সামনে থেকে ২ গ্রাম হেরোইনসহ তাকে আটক করা হয়। আটক আইনদ্দিন কালিগাংনী এলাকার মোঃ সাত্তার আলীর ছেলে।

ডিবি সূত্রে জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে কলমিজল মাধ্যমিক বিদ্যালয়ের সামনে অভিযান পরিচালনা করে আইনদ্দিনকে আটক করে।

এসময় তার কাছ থেকে ২ গ্রাম হেরোইন ও একটি মোবাইল উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে মেহেরপুর সদর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মেহেরপুরে রাতে যৌন নির্যাতনের কথা। সকালে মিলল ঝুলন্ত মরদেহ

শারীরিক ও বারবার যৌন নির্যাতনের চেষ্টা চালাচ্ছে দেবর। রাতে মায়ের কাছে মোবাইল ফোনে এমন কথা জানানোর পর সকালে ঘরের আড়ার সাথে মিললো প্রবাসীর স্ত্রী মলিনা আক্তারের (২৩) ঝুলন্ত মরদেহ।

মলিনা খাতুন মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের রহিদুল ইসলামের মেয়ে ও একই উপজেলার আলমপুর গ্রামের প্রবাসী সন্টু মিয়ার স্ত্রী। সে এক সন্তানের জননী।

আজ শুক্রবার (২০ মে) সকাল ১০ টার দিকে তার ঘরের আড়া থেকে ঝুলন্ত মরদেহ উদ্ধার করেন সদর থানা পুলিশ। মলিনা আক্তারের দুই বছর বয়সী সুমাইয়া খাতুন নামের একটি মেয়ে আছে।
মলিনা আক্তারের মামা জনিরুল ইসলম অভিযোগ করে বলেন, তার স্বামী সন্টু মিয়া প্রবাস জীবন যাপন করছেন। গতরাতে মলিনা আক্তার তার মাকে ফোন করে বলেছিল তার দেবর আলামিন শারীরিক সম্পর্ক স্থাপন না করতে পেয়ে আমাকে প্রায় দিন মারধর ও শারীরিক নির্যাতন করছে। আজ রাতেও সে আমাকে যৌণ নির্যাতনের চেষ্টা করেছে। আমাকে এখান থেকে নিয়ে যাও তোমরা।

রাতে কথা বলে সে ফোন রেখেছে। সকালে খবর পেলাম মলিনার মরদেহ ঝুলছে ঘরের আড়ার সাথে। পরে সদর থানা পুলিশকে খবর দিলে মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপতাল মর্গে নেন পুলিশ। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান বলেন, নিহতের মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ময়না তদন্তের পর মত্যুর কারন জানা যাবে। তবে, এঘটনার পর মলিনার দেবর আলামিন হোসেন পলাতক রয়েছে।

মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করলেন

জেলার একমাত্র সরকারি মিডিয়া তালিকাভূক্ত দৈনিক “মেহেরপুর প্রতিদিনের” অভ্যন্তরিন নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তারের নেতৃত্বে একটি টিম।
আজ শুক্রবার (২০ মে) দিনব্যাপি মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এসে বিভিন্ন খাতাপত্র নিরীক্ষা ও অফিস পরিদর্শন করেন তারা।
এসময় উপপরিচালক (বিজ্ঞাপন ও নিরীক্ষা) তৌফিকুল ইসলাম, ইন্সপেক্টর অ, ফ, ম মঈনুল ইসলাম ও অফিস সহকারী আবুল কালাম আজাদ উপস্থিত ছিলেন।
এদিকে অফিসে পৌছালে মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন, ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দু তাদের ফুলেল শুভেচ্ছা জানান। এসময় বার্তা সম্পাদক জুলফিকার আলী কানন, প্রতিবেদক সিরাজুদ্দোজা পাভেল, এস এ সাদিক, সাকিব হাসান রুদ্র ও অফিস সহকারী আসিফ ইকবাল শুভ উপস্থিত ছিলেন।
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের পরিচালক (বিজ্ঞাপনও নিরীক্ষা) রোকসানা আক্তার অফিস পরিদর্শনের সময় অফিস ব্যবস্থাপনা ও খাতা পত্র দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি মেহেরপুর প্রতিদিনের সার্বিক মঙ্গল ও সফলতা কামনা করেন।

স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী

উপলক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের মুজিবনগর পরিদর্শন

বাংলাদেশ স্কাউটস, এক্সটেনশন স্কাউটিং বিভাগ এর আয়োজনে, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের মুক্তিযুদ্ধ স্মৃতি বিজড়িত স্থান মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন করেছে।

গত বৃহস্পতিবার ঢাকাস্থ বাংলাদেশ স্কাউটস এর জাতীয় সদর দপ্তর থেকে যাত্রা করে বিকেলের মুজিবনগরে এসে পৌঁছায় স্কাউটস দলটি। এসময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার তাদের স্বাগত জানান।

মুজিবনগর পর্যটন মোটেলে রাত্রি যাপনের পর আজ শুক্রবার সকালে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের মুজিবনগর স্মৃতি কমপ্লেক্স এর মুক্তিযুদ্ধের বিভিন্ন স্থাপনা ঘুরে দেখানো হয়।

পরে জেলা পরিষদ ডাকবাংলো সূর্যোদয়ের সামনে বিশেষ চাহিদা সম্পন্ন স্কাউটদের মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ঐতিহাসিক মুজিবনগর সম্পর্কে বিভিন্ন বিষয়ে উপর একটি সংক্ষিপ্ত আলোচনা করা হয়।

বাংলাদেশ স্কাউটস এর সহকারী পরিচালক (এক্সটেনশন স্কাউটিং ও সংগঠন) ফরিদ উদ্দিন এর সঞ্চালনায় বক্তব্য রাখেন, মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার সুজন সরকার।

বাংলাদেশ স্কাউটস জাতীয় উপ কমিশনার (এক্সটেনশন স্কাউটিং) আবু হান্নান, বাংলাদেশ স্কাউটস মুজিবনগর উপজেলা সম্পাদক মোবারক হোসেন বাগোয়ান ইউপি চেয়ারম্যান আইয়ুব হোসেন।

এ সময় উপস্থিত ছিলেন বাংলাদেশ স্কাউটস জাতীয় উপ কমিশনার এক্সটেনশন স্কাউটিং মোহাম্মদ ইয়াছিনুর রহমান রাকিব, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ স্কাউটস এর ঝিনাইদহ জেলার সহকারী পরিচালক দয়াময় হালদার,রজিনা আক্তার।

মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে বাংলাদেশ স্কাউটস এর এক্সটেনশন স্কাউটিং বিভাগের আওতায় বিশেষ চাহিদাসম্পন্ন স্কাউটদের

মুক্তিযুদ্ধ স্মৃতি বিজড়িত স্থান পরিদর্শন কার্যক্রমে অংশগ্রহনের জন্য স্কাউটিং কার্যক্রম পর্যালোচনা করে ৩৯ জন বিশেষ চাহিদাসম্পন্ন স্কাউট, ০৪ জন সহায়তাকারী রোভার এবং ০৮ জন লিডারসহ মোট ৫৬ জন কে অংশগ্রহণকরেন।

মহান মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত ঐতিহাসিক মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পরিদর্শন শেষে আগামীকাল শনিবার সকালে স্কাউট বৃন্দ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির জনক বঙ্গবন্ধুর সমাধি সৌধ পরিদর্শনের জন্য মুজিবনগর ত্যাগ করবেন।

হরিনাকুন্ডুতে পুকুরে মাছধরাকে কেন্দ্রকরে রক্তক্ষয়ী সংঘর্ষ আহত ৯

ঝিনাইদহ জেলার হরিণাকুণ্ডু উপজেলার ৭ নং রঘুনাথপূর ইউনিয়নের কালাপাড়িয়া সরকারী আশ্রয় প্রকল্পঃ (আবাসনের) পুকুরে মাছ ধরাকে কেন্দ্র করে রক্তক্ষয়ী সংঘর্ষে পাঁচ মাসের অন্তঃসত্ত্বা মোছাঃ রেশমা খাতুন সহ ৯ জন আহত হয়েছে।

স্থানীয় বাসিন্দারা আহতদের উদ্ধার করে হরিনাকুন্ডু উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণ করেন। এর মধ্যে চম্পা খাতুন নামে এক মহিলা তার ছেলের মাথায় আঘাত করা দেখে স্ট্রোক করেন এবং অবস্থা গুরুতর হওয়ায় কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে প্রেরণ করেন।

সংঘর্ষে আহত হয়েছেন, মোঃ মামুন আলী (২৭),। নাজমা খাতুন (৪০), রিমা খাতুন (২৫), চায়না খাতুন (৪৫),মনোয়ারা খাতুন (৫৫), রেশমা খাতুন (২৩), সাঈদ (২২), ও লালন(১৯)।

আহতদের মধ্যে অন্তঃসত্ত্বা রেশমা খাতুন, নাজমা খাতুন ও মামুন বর্তমানে হরিণাকুণ্ডু স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তির পরে চিকিৎসাধীন অবস্থায় রয়েছে। অনান্য আহতদের স্বাস্থ্য কমপ্লেক্স

থেকে চিকিৎসা নিয়ে নিজ নিজ বাড়ীতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

সরেজমিনে যেয়ে জানা যাই আহত অন্তঃসত্ত্বা রেশমা ও নাজমা বলেন, গত বিশ বছর পূর্ব থেকে কালাপাড়িয়া আবাসনের পুকুর ও আংশিক জমি নিয়ে স্থানীয় আমিরুল ইসলাম ওরফে (মন্টু) নামের এক ব্যাক্তির সাথে সরকারের মামলা চলমান রয়েছে।

এই জমি ও পুকুর নিয়ে আবাসন প্রকল্পের বাসিন্দাদের মধ্যে দুটি পক্ষ রয়েছে। এক পক্ষ জমি ও পুকুরের দাবীদার আমিরুলের পক্ষে এবং অন্য পক্ষ সরকারের পক্ষে অবস্থান নিয়ে আছে।

এসময় আহত মামুন জানায়, গত বৃহস্পতিবার আনুমানিক ৯.টার সময় জামালের ছেলে সাঈদ, মন্টুর ছেলে আকাশ, ইসলামের ছেলে (বহিরাগত) লালন ও শরাফতের ছেলে রাসেল সহ বেশ কয়েকজন ঐ পুকুরে মাছ ধরতে যায়।

এদিকে ঐ মাছ ধরার খবর পেয়ে আবাসনের জমি ও পুকুরের দাবীদার আমিরুল ইসলাম সহ কিছু স্থানীয় বাসিন্দারা পুকুরের পাড়ে উপস্থিত হোন। দুপুর ১ টার সময় দুই পক্ষের মধ্যে কথা কাটাকাটি করার এক পর্যায়ে মামুন আলীর ফুপাতো ভাই রজোপ আলি সাইদের মাথায় আঘত করলে তাদের মধ্যে গোলযোগ শুরু হয় এতে উভয় পক্ষের ৯ জন আহত হয়।

হরিণাকুণ্ডু স্বাস্থ্য কর্মকর্তা ডাঃ জামিনুর রশিদ জানান, আহতরা হাসপাতালে চিকিৎসার জন্য আসে মহিলা সহ ৪ জন ভর্তি হয়, বাকীরা প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ীতে ফেরত যায়।

এ ঘটনায় থানা অফিসার ইনচার্জ মোহাম্মদ সাইফুল ইসলাম মাছ ধরাকে কেন্দ্রকরে গোলযোগের ঘটনা নিশ্চিত করে বলেন, মূলত গোলযোগে চম্পা খাতুন ও তার ছেলে মামুন আহত হয়েছে বাকীরা মামলা থেকে বাচার জন্য আহত না হয়েও হাসপাতালে ভর্তি হয়েছে। তিনি আরও জানান অভিযোগ পেলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।